

# সব ব্যবসায়িক বিভাগ সন্তোষজনক ফল করেছে টিসিআই

**কলকাতা:** ভারতের শীর্ষস্থানীয় ইন্টিগ্রেটেড সাপ্লাই চেইন এবং লজিস্টিকস সলিউশন প্রদানকারী সংস্থা ট্রান্সপোর্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড বা টিসিআই ৩১ ডিসেম্বর ২০২২ শেষ হওয়া তৃতীয় ত্রৈমাসিকের আর্থিক ফলাফল ঘোষণা করেছে।

রিপোর্টে Q3 FY ২০২৩ এবং Q3 FY২০২২-এর সঙ্গে তুলনা করে দেখা গেছে ৮৮১ কোটি টাকার অপারেশন থেকে y-o-y বৃদ্ধি সহ ১৬% রিভিউনিউ বা রাজস্ব আদায় হয়েছে। EBIT-DA Q3 FY২০২২-এ থেকে বেড়ে হয়েছে ১৩৮ কোটি টাকা। PAT ৭৮ কোটি থেকে থেকে বেড়ে হয়েছে ৯৫ কোটি টাকা। অর্থাৎ নিট মুনাফা বৃদ্ধি পেয়েছে ২২.৯%।

9M FY২০২৩ বনাম 9M

FY২০২২-এর পারফরম্যান্স হাইলাইটে দেখা গেছে ২,৫৩৯ কোটি টাকার অপারেশন থেকে y-o-y বৃদ্ধি সহ ২০.৫% রাজস্ব আদায় হয়েছে। EBITDA ৩০০ কোটি থেকে বেড়ে হয়েছে ৩৫২ কোটি টাকা। PAT ১৯৪ কোটি টাকা থেকে থেকে বেড়ে হয়েছে ২২৯ কোটি টাকা। অর্থাৎ ভিত্তিতে নিট মুনাফা বৃদ্ধি পেয়েছে ১৮%।

টিসিআই-এর ম্যানেজিং ডিরেক্টর বিনীত আগরওয়াল বলেন, আর্থিক বছরের তৃতীয় ত্রৈমাসিকে কোম্পানি একটি স্থিতিশীল ম্যাক্রো পরিবেশের মধ্যে ধারাবাহিক কর্মক্ষমতা সম্পন্ন করেছে। আমাদের সমস্ত ব্যবসায়িক বিভাগ প্রত্যাশা অনুযায়ী সন্তোষজনক ফলাফল প্রদান করেছে।